

স্বা.সি.
সকল বিভাগ
কামিল
অধ্যক্ষ
সরকারি ডাটাভেইজ কলেজ, বগুড়া।
১৩.১১.১৯



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর।

স্মারক নংঃ (০-৫) জাতীয়বিঃ/পনি/শিক্ষক ডাটাভেইজ/২০১৪/২১২৮

তারিখঃ ২৪/০৫/২০১৭

TMIS এ নাম রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত সকল কলেজ, পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং বিভিন্ন সরকারী কলেজ এবং বিভিন্ন অফিসে কর্মরত শিক্ষকবৃন্দকে জানানো যাচ্ছে যে, শিক্ষক ডাটাভেইস TMIS এ যারা এখনো নাম রেজিস্ট্রেশন করেন নাই তাঁদেরকে নাম রেজিস্ট্রেশনের জন্য অনুরোধ করা হলো। নাম রেজিস্ট্রেশনের জন্য www.nubd.info/tmis লিংকে যেতে হবে এবং এ বিষয়ে নিম্ন লিখিত নির্দেশনা অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

- ১। সরকারি কলেজের অধ্যক্ষগণ ডাটা এন্ট্রি সম্পন্ন করে **Print Out** নিয়ে তাতে সীল স্বাক্ষর করে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে ডাক/কুরিয়ার যোগে প্রেরণ করবেন। বেসরকারি কলেজের অধ্যক্ষগণ **Print Out** এ সীল স্বাক্ষর করে এবং গভর্নিং বডি সভাপতি মহোদয়ের সীল স্বাক্ষর গ্রহণ করে প্রেরণ করবেন। কলেজের সকল শিক্ষকগণ ডাটা এন্ট্রি করে **Print Out** এ স্বাক্ষর করে নিজ নিজ অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে ডাক/কুরিয়ার যোগে প্রেরণ করবেন। এছাড়া বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও বর্তমানে ডেপুটেশনে বিভিন্ন অফিসে কর্মরত সরকারী কলেজের শিক্ষকগণ **other than teacher field** পূরণ করবেন এবং ডাটা এন্ট্রি করে **Print Out** নিয়ে স্বাক্ষর করে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করবেন। খামের উপরে **TMIS** শব্দটি বড় করে লিখতে হবে। **Print Out** পাওয়ার পর পরীক্ষা নিয়ন্ত্রক সংশ্লিষ্ট অধ্যক্ষ/শিক্ষককে নিশ্চয়ন করবে।
- ২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত নয় এমন সরকারী কলেজের শিক্ষকগণ যাদের অনার্স/ মাস্টার্স বা ডিগ্রী (পাস) কোর্সে পাঠদান বা উত্তরপত্র পরীক্ষণের অভিজ্ঞতা রয়েছে তাঁরা নাম রেজিস্ট্রেশনের জন্য "**other than teacher field**" পূরণ করে নাম রেজিস্ট্রেশন করতে পারবেন। এ ক্ষেত্রে ফরম পূরণ করে **Print Out** নিয়ে অধ্যক্ষের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করা হলে পরীক্ষা নিয়ন্ত্রক **Authorize** করবেন।
- ৩। বেসরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে যে সব বিষয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত রয়েছে শুধুমাত্র ঐ সকল বিষয়ের শিক্ষকগণ অর্থাৎ ডিগ্রী, অনার্স, মাস্টার্স কোর্সে পাঠদান করেন শুধুমাত্র সেসব শিক্ষক রেজিস্ট্রেশন করতে পারবেন।
- ৪। **TMIS** এ রেজিস্ট্রেশন না করা পর্যন্ত কোন শিক্ষক বিশ্ববিদ্যালয়ের গোপনীয় কোন কাজে (প্রশ্নপত্র সেটিং, মডারেশন, উত্তরপত্র পরীক্ষণ, পরীক্ষা হলে ইনভিজিলেটরদের দায়িত্ব পালনসহ অন্যান্য কাজ) অস্ত্রভুক্ত হতে পারবেন না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কাজের জন্য যাবতীয় সকল সম্মানী/পারিশ্রমিক সরাসরি নিজ নিজ ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এছাড়া বিশ্ববিদ্যালয় হতে সকল যোগাযোগ **E-mail** এবং মোবাইল ম্যাসেজের মাধ্যমে করা হবে। কোন চিঠি ডাক যোগে পাঠানো হবে না। ফলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কাজে সম্পৃক্ত সকল অধ্যক্ষ এবং শিক্ষকগণের রেজিস্ট্রেশন করা জরুরী।
- ৫। যেসব কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা অনুষ্ঠিত হয় সেসব কলেজের অধ্যক্ষ এবং সকল শিক্ষকের নাম **TMIS** এ রেজিস্ট্রেশন হওয়া বাধ্যতামূলক। অনলাইনে পরীক্ষার হাজিরা প্রেরণ এবং উত্তরপত্র মূল্যায়ন করে অনলাইনে নম্বর প্রেরণের জন্য শিক্ষক ডাটাভেইজে নাম রেজিস্ট্রেশন করা প্রাথমিক শর্ত।

বিদ্রঃ ইতোপূর্বে যারা **TMIS** এ নাম রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন তাঁদের পুনরায় নাম রেজিস্ট্রেশনের প্রয়োজন নেই এবং যাদের একাধিক **TMIS ID** আছে তাঁদের অবশ্যই একটিমাত্র **ID** রেখে অন্যসব **ID** ডিলিট করতে হবে। ডিলিট করার জন্য অধ্যক্ষের সীল স্বাক্ষরসহ পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে ডাক/কুরিয়ার যোগে আবেদন প্রেরণ করবেন।

TMIS সংক্রান্ত যেকোন প্রয়োজনে tmisnubd@gmail.com এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। শিক্ষক ডাটাভেইজ এ আপনার নাম অর্ন্তভুক্তির জন্য অনুরোধ করা হলো।

আপনাদের সহযোগিতার জন্য ধন্যবাদ।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭, ফ্যাক্সঃ ০২-৯২৯১০৪৪

ওয়েব সাইটঃ www.nu.edu.bd অথবা, www.nubd.info